“কিয়ামাতের আলামতসমূহের মধ্যে অন্যতম হচ্ছে: ইলম উঠে যাওয়া, অজ্ঞতা বেড়ে যাওয়া, ব্যভিচার বৃদ্ধি পাওয়া, মদ্যপান বেড়ে যাওয়া, পুরুষের সংখ্যা কমে যাওয়া ও নারীদের সংখ্যা বৃদ্ধি পাওয়া, এমনকি পঞ্চাশজন নারীর জন্য মাত্র একজন পরিচালক বিদ্যমান থাকবে।”

আনাস রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেছেন: আমি অবশ্যই তোমাদেরকে এমন একটি হাদীস শোনাবো, যা আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করব, আর আমার পরে তোমাদেরকে এ হাদীস সম্পর্কে আর কেউই বলবে না, তা হল: আমি আল্লাহর
রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: “কিয়ামাতের আলামতসমূহের
মধ্যে অন্যতম হচ্ছে: ইলম উঠে যাওয়া, অজ্ঞতা বেড়ে যাওয়া, ব্যভিচার বৃদ্ধি পাওয়া,
মদ্যপান বেড়ে যাওয়া, পুরুষের সংখ্যা কমে যাওয়া ও নারীদের সংখ্যা বৃদ্ধি পাওয়া, এমনকি পঞ্চাশজন নারীর জন্য মাত্র একজন পরিচালক বিদ্যমান থাকবে।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন: কিয়ামাত কায়েমের সময় ঘনিয়ে আসার আলামত হচ্ছে শরী‘আতের জ্ঞান উঠে যাওয়া, আর তা হবে আলিমগণের মৃত্যুর মাধ্যমে। যার ফলাফল দাঁড়াবে- অজ্ঞতা বেড়ে যাবে ও সর্বত্র ছড়িয়ে পড়বে। যিনা ও অশ্লীলতা বৃদ্ধি পাবে, পুরুষের সংখ্যা কমে যাবে আর নারীদের সংখ্যা বৃদ্ধি পাবে। এক পর্যায়ে পঞ্চাশজন নারীর উপরে একজন পুরুষ দায়িত্বপ্রাপ্ত হবে, যে তাদের সুবিধা-অসুবিধা ও অন্যান্য বিষয়সমূহ দেখাশুনা করবে।

http://sunnah.global/hadeeth/bn/show/65021